
# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৯ম** **বিষয়: গণিত**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-৩ | ষষ্ঠ অধ্যায়: রেখা, কোণ ও ত্রিভুজ | • সমতল জ্যামিতি<br>• জ্যামিতিক প্রমাণ<br>• কোণ<br>• ত্রিভুজ সংক্রান্ত উপপাদ্য প্রয়োগে সমস্যা সমাধান | <br><br>যেখানে $DE$ রেখা $AB$ ও $AC$ রেখার মধ্যবিন্দুগামী সরলরেখা এবং $DE = EF$।<br><br>সমস্যা ১ ঃ চিত্র হতে চারটি বিপ্রতীপ কোণ চিহ্নিত করো এবং এদের মধ্যকার পারস্পারিক সম্পর্ক উপস্থাপন কর।<br>সমস্যা ২ ঃ $\Delta CEF$ এর বহিঃস্থ $\angle AEF$ এর সাথে $\Delta CEF$ এর অন্তঃস্থ কোণ $\angle ECF$ এবং $\angle EFC$ এর মধ্যকার সম্পর্ক কীরূপ? তা লিখ।<br>সমস্যা ৩ ঃ $DE \parallel BC$ হবে কী? প্রমাণসহ স্বপক্ষের যুক্তি উপস্থাপন কর।<br>সমস্যা ৪ ঃ $ABC$ ত্রিভুজে যদি $BC > AB$ হয় এবং $\angle ABC$ এর সমদ্বিখন্ডক রেখা $AC$ কে $G$ বিন্দুতে ছেদ করলে, উৎপন্ন $\angle BGA$ সূক্ষ্মকোণ না স্থূলকোণ হবে? প্রমাণ কর। | • চারটি বিপ্রতীপ কোণ নির্ণয় এবং ত্রিভুজের বহিঃস্থ কোণ ও অন্তঃস্থ কোণ এর মধ্যকার পারস্পরিক সম্পর্কগুলো সঠিকভাবে উপস্থাপন করবে।<br>• যুক্তি উপস্থাপনে পাঠ্যপুস্তকের তত্ত্বের ব্যবহার করবে।<br>• প্রয়োজনীয় চিত্রের অঙ্কন করবে। | • কোণগুলো নির্ণয় সঠিকতা<br>• কোণের পারস্পরিক সম্পর্কের সঠিকতা<br>• তথ্য ও তত্ত্বের সঠিকতা<br>• প্রমাণের সঠিকতা<br>• চিত্র অঙ্কনের যথার্থতা |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৯ম** **বিষয়: বাংলাদেশ ও বিশ্বপরিচয়**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-৩ | ষষ্ঠ অধ্যায়: রাষ্ট্র, নাগরিকতা ও আইন | রাষ্ট্র, নাগরিকতা ও আইন | রাষ্ট্র ও নাগরিকের সম্মিলিত প্রয়াস ব্যতীত নাগরিক জীবনের কোনো সমস্যা সমাধান সম্ভব নয়। কোভিড-১৯ পরিস্থিতির আলোকে এ বিষয়ে তোমার মতামত যুক্তিসহ তুলে ধর। | ১. দুর্যোগ মোকাবিলা/নাগরিক জীবনের সমস্যা সমাধানে রাষ্ট্রের করণীয় ব্যাখ্যা করবে।<br>২. সমস্যা সমাধানে নাগরিকের দায়িত্ব ও কর্তব্য তুলে ধরবে।<br>৩. করোনা কালে রাষ্ট্রের গৃহীত পদক্ষেপ সমূহ উল্লেখ করবে।<br>৪. চলমান পরিস্থিতিতে রাষ্ট্র ও নাগরিকের ভূমিকা যথাযথ কিনা যুক্তিসহ ব্যাখ্যা করবে।<br>৫. এ বিষয়ে নিজস্ব মতামত প্রদান করবে। | **ক. অতি উত্তম:**<br>১. পরিপূর্ণমাত্রায় বিষয়বস্তু সঠিক ও ধারাবাহিক<br>২. তথ্য, তত্ত্ব, ধারণা, সূত্র ইত্যাদি পাঠ্যপুস্তকের সাথে সম্পূর্ণ সঙ্গতিপূর্ণ<br>৩. লেখায় লক্ষণীয় মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা বিদ্যমান<br>**খ. উত্তম:**<br>১. অধিকাংশ ক্ষেত্রে বিষয়বস্তু সঠিক ও ধারাবাহিক<br>২. তথ্য, তত্ত্ব, ধারণা, সূত্র ইত্যাদি পাঠ্যপুস্তকের সাথে অধিকাংশ ক্ষেত্রেই সঙ্গতিপূর্ণ<br>৩. লেখায় আংশিক নিজস্বতা ও সৃজনশীলতা বিদ্যমান<br>গ. ভালো:<br>১. বিষয়বস্তুর সঠিকতা থাকলেও ধারাবাহিকতার অভাব<br>২. লেখায় তথ্য, তত্ত্ব, ধারণা, সূত্র ইত্যাদি আংশিকভাবে সঙ্গতিপূর্ণ<br>৩. লেখায় সামান্য মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা বিদ্যমান<br>**ঘ. অগ্রগতি প্রয়োজন:**<br>১. বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতার অভাব<br>২. লেখায় তথ্য, তত্ত্ব, ধারণা, সূত্র ইত্যাদি সঙ্গতির অভাব<br>৩. লেখায় নিজস্বতা ও সৃজনশীলতা অনুপস্থিত |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৯ম** **বিষয়: বিজ্ঞান**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-৩ | দ্বিতীয় অধ্যায়: জীবনের জন্য পানি | ২.১.১ পানিরধর্ম<br>২.১.২ পানিরউৎস<br>২.১.৩ জলজ উদ্ভিদের জন্য পানির প্রয়োজনীয়তা,<br>২.২ পানির মানদন্ড<br>২.৩ পানির পুনরাবর্তন ও পরিবেশ সংরক্ষণে পানির ভূমিকা<br>২.৩ পানির পুনরাবর্তন ও পরিবেশ সংরক্ষণে পানির ভূমিকা<br>২.৪ পানি বিশুদ্ধকরণ<br>২.৫ বাংলাদেশে পানির উৎসে দূষণের কারণ<br>২.৫.১ উদ্ভিদ, প্রাণী এবং মানুষের উপর পানি দূষণের প্রভাব<br>২.৬ বৈশ্বিক উষ্ণতা<br>২.৭ বাংলাদেশে পানি দূষনের প্রতিরোধ কৌশল এবং নাগরিকের দায়িত্ব<br>২.৭ বাংলাদেশে পানি দূষনের প্রতিরোধ কৌশল এবং নাগরিকের দায়িত্ব<br>২.৮ বাংলাদেশে পানির উৎসে হুমকি<br>২.৮ বাংলাদেশে পানির উৎসে হুমকি<br>২.৮ বাংলাদেশে পানির উৎসে হুমকি<br>২.৯ পানি প্রবাহের সর্জনীনতা এবং আন্তর্জাতিক নিয়মনীতি | প্রজ্ঞা তার বাবার সাথে বুড়িগঙ্গা নদীতে নৌকায় করে বেড়াতে গেল। দাদা বাড়িতে যাওয়ার সময় নদীর পাড়ের যে ছবি তার মনে গেঁথে ছিল তার সঙ্গে এই মুহূর্তে দেখা চিত্রের সঙ্গে কোন মিল খুঁজে পেল না। নদীর কোন পাড় নেই, আছে অসংখ্য দালান কোঠা, দোকান পাট, শিল্প কারখানা। পানির রঙ একেবারেই কালো, দুর্গন্ধময়। যে বিশুদ্ধ বাতাস নেবার উদ্দেশ্যে সে বের হয়েছিল, উল্টো দুর্গন্ধে তার দম বন্ধ হয়ে আসতে লাগলো। প্রজ্ঞার খুব মন খারাপ হল। দেশের এত বড় নদীর এই দুরবস্থা।<br>ক) বুড়িগঙ্গা নদীর পানি মাছসহ অন্যান্য জীব বসবাসের জন্য উপযুক্ত কি না? ব্যাখ্যা কর।<br>খ) বুড়িগঙ্গার পাড়ে যদি কোন ফসলী জমি থাকে তাহলে তার সেচ কার্যক্রম কি বুড়িগঙ্গার পানি দিয়ে করা সম্ভব? তোমার উত্তরের পক্ষে যুক্তি দাও।<br>ঘ) বুড়িগঙ্গাকে স্বাভাবিক অবস্থায় ফিরিয়ে আনতে স্থানীয় জনগনের সহায়তায় তুমি কি করতে পারো? উপস্থাপন কর। | • পাঠ্যবইয়ের সহায়তা নিতে পারে।<br>• ইন্টারনেট, বিভিন্ন মিডিয়া ও প্রতিবেদনের সহায়তা নিতে পারে। | **অতি উত্তম:**<br>১. সম্পূর্ণরূপে পানি দূষন ও এর ক্ষতিকর প্রভাব বিশ্লেষণ করতে পারা।<br>২. মানসম্মত পানির প্রয়োজনীয়তা পুরোপুরি বর্ণনা করতে পারা।<br>৩. পানির উৎস ও স্বাভাবিক প্রবাহ নিশ্চিতকরণ বিষয়ে সঠিক ও পরিপুর্ন উপস্থাপনা।<br>৪. সম্পূর্নরূপে পারিপার্শ্বিক প্রয়োজনে নিজেকে সংযুক্ত করার প্রয়োজনীয়তা অনুধাবন।<br>**উত্তম:**<br>১. অধিকাংশক্ষেত্রে পানি দূষন ও এর ক্ষতিকর প্রভাব বিশ্লেষণ করতে পারা।<br>২. অধিকাংশক্ষেত্রেই মানসম্মত পানির প্রয়োজনীয়তা বর্ণনা করতে পারা।<br>৩. পানির উৎস ও স্বাভাবিক প্রবাহ নিশ্চিতকরণ বিষয়ে বেশির ভাগ উপস্থাপনা।<br>৪. পারিপার্শ্বিক প্রয়োজনে নিজেকে সংযুক্ত করার প্রয়োজনীয়তা অনুধাবন।<br>**ভালো:**<br>১. কিছুক্ষেত্রে পানি দূষন ও এর ক্ষতিকর প্রভাব বিশ্লেষণ করতে পারা।<br>২. মানসম্মত পানির প্রয়োজনীয়তা সামান্য বর্ণনা করতে পারা।<br>৩. পানির উৎস ও স্বাভাবিক প্রবাহ নিশ্চিতকরণ বিষয়ে সামান্য উপস্থাপনা।<br>৪. পারিপার্শ্বিক প্রয়োজনে নিজেকে আংশিক সংযুক্ত করার প্রয়োজনীয়তা অনুধাবন।<br>**অগ্রগতি প্রয়োজন:**<br>১. পানি দূষন ও এর ক্ষতিকর প্রভাব বিশ্লেষণ করতে না পারা।<br>২. মানসম্মত পানির প্রয়োজনীয়তা বর্ণনা করতে না পারা।<br>৩. পানির উৎস ও স্বাভাবিক প্রবাহ নিশ্চিতকরণ বিষয়ে অসম্পূর্ণ উপস্থাপনা।<br>৪. পারিপার্শ্বিক প্রয়োজনে নিজেকে সংযুক্ত না করা। |